গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা),৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০১০৮.২৫.২২০ তারিখ: ৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: মেসার্স মাইশা ফ্যাশনস্ এর অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসংগে।
সূত্র: আবেদনপত্র নং- ১৩০৫, তারিখঃ ১৫/১২/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মেসার্স মাইশা ফ্যাশনস্, অফিস ও কারখানাঃ গৌরীপুর, আশুলিয়া, সাভার ঢাকা নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি ০০০৪১৮-১৭, তারিখ: ১৬/০৪/২০১৭ খ্রি: এবং শিল্প উপখাত: তৈরী পোশাক (ওভেন ও নীট)। প্রতিষ্ঠানটির অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৬১৮৯২১, তারিখ: ১৭/০৮/২০২২ খ্রি: জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারনে ২য় এডহক সুপারিশের বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ৩য় এডহক শিল্প আইআরসি সুপারিশের অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে বার্ষিক ও ষান্মাসিক আমদানি স্বত্ব বহাল রেখে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন সাপেক্ষ্যে মেসার্স মাইশা ফ্যাশনস্ এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পন্য শর্ত প্রতিপালন সাপেক্ষ্যে আমদানির জন্য কারখানাটির অনুকুলে বার্ষিক ও ষান্মাসিক আমদানি স্বত্ব বহাল রেখে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

০৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

২২-১২-২০২৫
রাজু আহমেদ
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক
প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০১০৮.২৫.২২০/১ (৬) তারিখ: ৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

৩। স্বত্ত্বাধিকারী, মেসার্স মাইশা ফ্যাশনস্, অফিস ও কারখানাঃ গৌরীপুর, আশুলিয়া, সাভার ঢাকা।
৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
৫। অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
৬। ., অফিস কপি।

২২-১২-২০২৫
মোহাম্মদ মানিক খান
সহকারী পরিচালক